বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

গণমানুষের ব্যাংক

ফোন ঃ ৯৫৫২৯৯৬, ৯৫৫০৩২৫
E-mail ঃ dgmlpo@krishibank.org.bd
bach@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-১০(ব্যাচ)/বিবিধ-৩(৯)/২০২৩-২০২৪/

তারিখ: ০৬.১১.২০২৩ ইং

উপমহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**অতীব জরুরী**

বিষয়: **NIKASH-BEFTN System এর মাধ্যমে প্রাপ্ত অর্থ গ্রাহকের হিসাবে জমাকরণের নিমিত্ত ১৪ ডিজিটের ব্যাংক হিসাব নং অবহিতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। BEFTN চ্যানেলের মাধ্যমে আগত সম্মানিত গ্রাহকদের হিসাবে ডেবিট/ক্রেডিট লেনদেন কেন্দ্রীয়ভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা চলমান রয়েছে। অতি শীঘ্রই Inward BEFTN এর কার্যক্রম কেন্দ্রীয়ভাবে সম্পন্ন করা হবে। কেন্দ্রীভূত হওয়ার পর সম্মানিত গ্রাহকদের হিসাবে নিরবিচ্ছিন্ন BEFTN লেনদেন সম্পন্ন করার জন্য অবশ্যই ব্যাংক হিসাব নম্বর পূর্ণ অর্থাৎ ১৪ ডিজিটের ( - ব্যতীত) হতে হবে। **পূর্বের ন্যায় ১৪ ডিজিটের কম বা বেশি এবং অক্ষর বা অন্যান্য চিহ্ন (যেমন : , - ! : SB, CD ইত্যাদি) সম্বলিত ব্যাংক হিসাবের Inward BEFTN কেন্দ্রীয়ভাবে রিটার্ন হয়ে যাবে।** তাই পূর্ণ অর্থাৎ ১৪ ডিজিটের সঠিক ব্যাংক হিসাব নম্বর লিখা বাধ্যতামূলক। নিম্নে উদাহরণ স্বরূপ স্থানীয় মুখ্য কার্যালয়ের একটি হিসাবের নমুনা দেয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| ৪০০১ | ০৩১০ | ১২৩৪৫ | ৬ |
| শাখা কোড | প্রডাক্ট কোড (সেভিংস/কারেন্ট/সিসি ইত্যাদি) | হিসাব নং | সিকিউরিটি কোড |

**সুতরাং সঠিক হিসাব নম্বরটি হবে : ৪০০১০৩১০১২৩৪৫৬।**

**উল্লিখিত সঠিক হিসাব নম্বর ব্যতীত অন্য কোন নম্বর যেমন : ৪০০১-০৩১০১২৩৪৫৬/৪০০১০৩১০১২৩৪৫/ ০৩১০১২৩৪৫ /৪০০১-১২৩৪৫/১২৩৪৫/SB৪০০১০৩১০১২৩৪৫৬/০০০০০০০০০১২৩৪৫ ইত্যাদি হিসাব নম্বর গ্রহণযোগ্য নয়।**

০৩। এমতাবস্থায়, BEFTN Channel এর মাধ্যমে আগত Inward BEFTN এর অর্থ অত্র ব্যাংকের সম্মানিত গ্রাহকদের হিসাবে দ্রুত জমাকরন, গ্রাহক হয়রানি দূরীকরণ এবং ব্যাংকের ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে সকল গ্রাহকের সাথে অতি দ্রুত যোগাযোগ করতঃ পূর্ণ ১৪ ডিজিটের সঠিক হিসাব নম্বর এবং শাখার রাউটিং নম্বর গ্রাহকদেরকে সরবরাহ করে গ্রাহকসেবা সমুন্নত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

০৬-১১-২০২৩

(মোঃ শাহ আলম)
উপ-মহাব্যবস্থাপক

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১,২ ও ৩ এর দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, আইসিটি মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা। পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
০৮। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৯। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
১০। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১৩। নথি/মহানথি।